আজকের কাগজ

তারিখ 26 OCT 1992 … …
পৃষ্ঠা … ১৬ … কলাম … ৪ …

৩১

### আইসিটিডিটিআর'র ষষ্ঠ সমাবর্তন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

# মুসলিম বিশ্বের প্রগতির জন্যে মুসলিম বিশেষজ্ঞদের জ্ঞান দক্ষতা কাজে লাগান

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গতকাল মুসলিম উম্মাহর শান্তি, সুখ ও প্রগতির জন্যে মুসলিম প্রকৌশলী ও কারিগরী বিশেষজ্ঞদেরকে তাদের জ্ঞান ও দক্ষতা কাজে লাগানোর আহ্বান জানিয়েছেন। খবর বাসস।

গাজীপুরে ইসলামিক কারিগরী ও বৃত্তিমূলক শিক্ষা ও গবেষণা কেন্দ্রে (আইসিটিডিটিআর)-এর ষষ্ঠ সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে প্রধানমন্ত্রী ইসলামের চেতনা ও আদর্শে মানব সম্পদ উন্নয়নের ওপর গুরুত্ব আরোপ করেন।

বেগম জিয়া বলেন, মুসলিম দেশগুলোর নানাবিধ সমস্যার সমাধানের জন্যে কাজ করা আইসিটিডিটিআর-এর স্নাতক ডিগ্রীধারীদের দায়-দায়িত্ব হয়ে দাঁড়িয়েছে।

তিনি বলেন, বিশ্বব্যাপী সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক পরিবর্তনের কারণে মুসলিম দেশগুলোর সামনে যে সকল চ্যালেঞ্জ এসেছে তার মোকাবিলায় মুসলিম বিশেষজ্ঞদেরকে এগিয়ে আসতে হবে।

অনুষ্ঠানে অর্থমন্ত্রী সাইফুর রহমান এবং শ্রমমন্ত্রী আবদুল মান্নান ভূঁইয়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অন্যান্যদের মধ্যে মন্ত্রিবর্গ, কূটনীতিকবর্গ ও সংসদ সদস্যরা এতে উপস্থিত ছিলেন।

ইসলামী সম্মেলন সংস্থার সহযোগী প্রতিষ্ঠান এই কেন্দ্রের বিভিন্ন অনুষদের অধীনে সর্বমোট ৫৫ স্নাতক ডিগ্রীধারী প্রধানমন্ত্রীর কাছ থেকে স্নাতক সনদপত্র গ্রহণ করেন।

আইসিটিডিটিআরের মহাপরিচালক অধ্যাপক এ এম পাটোয়ারী এবং অধ্যাপক আনোয়ার হোসেনও অনুষ্ঠানে বক্তৃতা করেন। অনুষ্ঠানে ওআইসি মহাসচিব হামিদ আল গাবিদ-এর একটি বাণী পাঠ করে শোনানো হয়।

বাসস আরো জানায়, অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া আইসিটিডিটিআরের জন্যে বাংলাদেশের বর্তমান চাঁদা ২৯ হাজার ডলার থেকে বাড়িয়ে ৫০ হাজার ডলার করার কথা ঘোষণা করেন।